I 706 200 Rs.

INDIA NON JUDICIAL

২০০রু. Rs.200

भारत

दो सौ रुपया TWO HUNDRED RUPEES

Admissible under Rule ...
...ly stamped under Indian Stamp
Act 1899 as amended by Act III
... 1922 and section 82 (i) of
Calcutta Improvement Act 1911
Schedule I. A. No. 23
Rs. As
...mp Duty paid under
... Indian Stamp Act as
...ended by Act III of
............ 225.00
Additional Duty paid
under the Calcutta
Improvement Act........ 200.00
Paid in excess........ x
Total........ 425

Fees paid
A 42.00
N 1.00
43.00

Sub-Registrar of Alipore,
Dist. 24 PARGANAS

মং ১০০০০, দশ হাজার টাকা মূল্যের সাফ বিক্রয় কোবালা।

দলিল গ্রহিতা —
শ্রী মতী বিভা দাস
পতি শ্রী সুনীল কুমার দাস
জাতি হিন্দু পেশা গৃহস্থালী
হাল সাং ২৪ সি রতনমজী স্ট্রীট
কলিকাতা ২৯।

দলিল দাতা —
শ্রী গোপাল চন্দ্র মুখোপাধ্যায়
পিতা মৃত হরবিন মুখোপাধ্যায়
জাতি হিন্দু পেশা চাকুরী
সাং ৩ নং ভূকৈলাস রোড, খিদিরপুর
কলিকাতা ২৩।

কস্য সর্বস্বত্বাধিকারী চিরস্থায়ী নিষ্কর ব্রহ্মোত্তর জমির

No. 7327
Sold to Sm. Biva Das
W/o Sunil Kumar Das
of 24C, Rustamji Street. Cal-29
Cal

The 20.8.1963

2@ 200/- 400/-
1@ 25/-
425/-

Presented for registration b...
...A.M. or P.M. on the 22nd
of August 1963 at the office of
the Sub-Registrar Alipore Sadar
by Gopal Chandra Mukherji
Executant or claimant or attorney
...
Power of attorney No
for 19... authenticated by the
Sub-Registrar of

Gopal Ch. Mukerji

Execution is ...

Sub-Registrar of Alipore,
Dist. 24 PARGANAS
23.8.63

by Gopal Chandra Mukherjee
Son/wife of Late Hare Ram Mukherjee
of 3 Ramkamal ... Road
District Cal-23 Kidderpore
by caste Hindu by profession
Service.

Gopal Ch. Mukerji

8176

Mritunjoy Chakraborty

Identified
by Mritunjoy Chakraborty
Son/wife of Late Harinath Chakraborty
of 390 Netaji Subhas Ch. Bose Road
District Cal 47
by caste Hindu by profession
Service.

Rs. 10,000/- consideration
is paid in my presence
by Sm. Biva Das
Gopal Chandra Mukherjee

Sub-Registrar of Alipore 23.8.63
Dist. 24 PARGANAS

200 Rs.




Gopal Ch. Mukherji

সম্পূর্ণ নিদায় ও নির্দোষ অবস্থায় নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে জেলা ২৪ পরগণা আলিপুরের কালেক্টরীর ৫৬ নং তৌজিভুক্ত সাবেক টালিগঞ্জ মিউনিসিপালিটী হাল কলিকাতা করপোরেশনের অধীন থানা টালিগঞ্জ জে: এল: নং ৩২ মৌজা নাকতলা নামক স্থানে উক্ত মৌজার ৩০৬ নং খতিয়ান ভুক্ত ৪৫৪ নং দাগের হিস্যা ৫১৬ অংশে মোঃ ১ একর ৭১ শতক ভূমিতে অন্যান্য ভূমি সহ পৈত্রিক ওয়ারিশ সুত্রে ও ডিষ্ট্রিক্ট সেটেলমেণ্টের রেকর্ড মতে শ্রী জানকী নাথ ঘোষ ও তাহার অপর সরিকগণ মধ্যস্বত্বাধিকারী নিরব্যূঢ় নিষ্কর ব্রহ্মোত্তর স্বত্বে ও

25 Rs.

पच्चीस रुपया

२५रु. भारत INDIA 25 RS

TWENTY FIVE RUPEES

Gopal Ch. Mukherjee

অন্যের বিরুদ্ধ দখল জনিত স্বত্বে এজমালিতে মালিক ও দখলিকার থাকাবস্থায় উক্ত পক্ষগণের উক্তরূপ এজমালী দখল অসুবিধাজনক বিবেচিত হওয়ায় উক্ত ভূমি বন্টন জন্য উক্ত সরিকান মধ্যে শ্রী প্রসন্ন কুমার ঘটক বাদী হইয়া আলিপুরের ১ম সবজজ আদালতে ১৯৩৩ ইং ৮৩ নং দেওয়ানী বন্টনের মোকদ্দমা আনায়ন করেন। উক্ত মোকদ্দমার বিগত ৮/৩/৩৪ ইং তারিখের ফাইনেল ডিক্রীর মর্ম্মমতে উক্ত মোকদ্দমার ৩নং বিবাদী উক্ত শ্রী জানকী না- ঘটক তাহার হিস্যে ½ অংশের বাবত ডিক্রীর একাংশ হতে কমিশনারের রিপোর্ট "ডি" সিডিউলের বর্ণিত উক্ত ৪৫৪ নং দাগের দক্ষিণ পূর্ব্ব অংশের নকসায় প্রদর্- বর্ডার দ্বারা রক্ষিত মো: ১/৪৮ এক বিঘা চারি কাঠা বার ছটাক জমি চিহ্নিত রূপে প্রাপ্ত হইয়া উক্ত জমিতে উক্ত শ্রী জানকী নাথ ঘটক একক অন্যের নি-

Gopal Ch. Mukherjee

মালীক ও দখলীকার হন। উক্ত প্রকারে উক্ত শ্রী জানকী নাথ ঘটক তাহার ক্রয়সূত্রে প্রাপ্ত নাকতলা মৌজার ৪৫৪ নং দাগের মোট ১/৪ দ. ভূইক্ত ভূমিতে চিহ্নিত রূপে মালীক দখলকার থাকাবস্থায় উক্ত ভূমি অন্দরে মোট ৷৷০ দশ কাঠা ভূমি ১১/৪/৪৯ ইং তারিখের সম্পাদিত বৈধ দান প্রকৃতি মূলক রেজিষ্টারীকৃত সাফ কোবালা মূলে তদীয় স্ত্রী শ্রীমতী উমারাণী দেবীর (ঘটক) নিকট সাফ বিক্রয় করিয়া নিঃস্বত্ব হওয়ায় উক্ত শ্রীমতী উমারাণী দেবী (ঘটক) তাহার খরিদা উক্ত ভূমিতে মালীক দখলকার হন। উক্ত কোবালার দলীল আলীপুর সবরেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ২৯ নং ভলুমে ১৭০-১৭২ নং পৃষ্ঠায় সন ১৯৪৯ সালের ২০৫৬ নং দলীল উল্লেখে লিপিবদ্ধ আছে। উক্ত শ্রীমতী উমারাণী দেবী (ঘটক) উক্ত রূপে তাহার খরিদা উক্ত ৪৫৪ নং দাগের মোট ৷৷০ দশ কাঠা জমিতে পৃথক চিহ্নিত রূপে মালীক দখলিকার থাকাবস্থায় উক্ত ভূমি অন্দরে চিহ্নিত মোট ৴৪ চারি কাঠা জমি ৩/১১/৫৪ ইং তারিখের সম্পাদিত বৈধ দান প্রবৃত্তি মূলক রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা মূলে আমি দলীল দাতার নিকট সাফ বিক্রয় করিয়া নিঃস্বত্ব হওয়ায় আমি দলীল দাতা আমার খরিদা উক্ত মোট ৴৪ চারি কাঠা ভূমিতে মালীক ও দখলীকার হইয়াছি। আমার খরিদা উক্ত দলীল আলীপুর সবরেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ১৩৫ নং ভলুমে ২৬-২৮ নং পৃষ্ঠায় সন ১৯৫৪ সালের ৮০৪১ নং দলীল উল্লেখে লিপিবদ্ধ আছে। এক্ষণে আমার নগদ টাকার প্রয়োজন হওয়ায় আমি দলীল দাতা আমার খরিদা মালিকী দখলীয় উক্ত নাকতলা মৌজার ৩০৬নং

Gopal Ch. Mukerji

আতিয়ান ভুক্ত ৪৫৪ নং দাগের মধ্যে চিহ্নিত মো: /৪ কাঠা জমি বিক্রয়ের সহরং দিলে আপনি দলীল গ্রহীতা নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্নিত উক্ত মো: /৪ চারি কাঠা জমি সর্বোচ্চ বাজার দর মং ১০,০০০, দশ হাজার টাকা মূল্যে খরিদ করিতে স্বীকৃত হওয়ায় আমি কোবলা দাতা অদ্য তারিখে আপনার নিকট হইতে পনের সমুদয় টাকা নগদ বুঝিয়া পাইয়া ও প্রাপ্তি স্বীকারে নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্নিত কমবেশী মো: /৪ চারি কাঠা চিরস্থায়ী নিষ্কর ব্রহ্মোত্তর স্বত্বের জমি ও সর্ব প্রকার ইজমেন্ট স্বত্বাদি দরবস্ত হক হকুক সম্পূর্ন নির্দায় ও নির্দোষ অবস্থায় আপনাকে অদ্য তারিখে সাফ বিক্রয় করিয়া তৎসম্পর্কে সম্পূর্ন স্বত্বত্যাগী হইয়া আমি দলীল দাতা আপনার বরাবরে অত্র সাফ বিক্রয় কোবলা দলীল যথারীতি সহি সম্পাদন করিয়া দিয়া এতদ্বারা স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে বিক্রীত নিম্নের তপশীলের ভূমিতে আমি দলীল দাতার যাহা কিছু স্বত্ব সংশ্রব দখল লভ্য হক হকিয়ৎ ইত্যাদি ছিল আছে বা ভবিষ্যতে হইতে পারিত তৎসমুদয় অদ্য হইতে অত্র কোবলা বলে সম্পূর্ন রূপে ও সর্বতোভাবে আপনাতে বর্তিল। আপনি অদ্য হইতে অত্র কোবলার বলে বিক্রীত সম্পত্তিতে আপনার নিজ নাম জারী করিয়া ধার্য্য ট্যাক্সাদি আদায়ে আমি দলীল দাতার যাবতীয় স্বত্বে স্বত্ববতী ও দখলকারিণী হইয়া বিক্রীত সম্পত্তিতে ইচ্ছামত পাকা ইমারতাদী নির্মানাদি দ্বারা দান বিক্রয়াদি সর্বপ্রকার হস্তান্তর যুক্ত মালীকের ক্ষমতা পরিচালনে বিক্রীত সম্পত্তি আপনি পুত্র পৌত্রাদি ওয়ারিশান

Gopal Ch. Mukerjee

ও স্থলবর্তীগণ ক্রমে পরম সুখে যথেচ্ছাক্রমে চিরকাল ভোগ দখল করিতে থাকুন তাহাতে আমি দলীল দাতা ওয়ারিশান ও স্থলবর্তীগণ ক্রমে কস্মিন কালে ও কোন রূপ ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না ও পারিবেক না করিলে ও তাহা আদালতাদিতে সর্বত্র সর্বতোভাবে বাতিল অকর্মন্য গন্যে নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে। প্রকাশ থাকে যে বিক্রীত সম্পত্তি বর্ত্তমানে কোন আদালতে মামলা মোকর্দ্দমা বা ক্রোক নীলামাদির বিষয়ীভূত নহে বা কোনও Land Acquisition প্রসিডিং এর বা কোনও Improvement Scheme এর বা Alignment এর বিষয়ীভূত নহে বা কোনও Trust fund এ অর্পিত হয় নাই বা কোনও দেব সেবায় অর্পিত হয় নাই। বিক্রীত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আছে তাহা আমি কাহার ও বরাবরে কোন প্রকার হস্তান্তর করি নাই বা বিক্রয় করিবার চুক্তি করিয়া কাহার ও নিকট হইতে কোনও বায়না গ্রহণ করিনাই। বিক্রীত সম্পত্তি আমি দলীল দাতার নিজ অর্থে খরিদা সম্পত্তি হইতেছে তৎ সম্বন্ধে আমি কাহার ও পক্ষে বেনামদার নহি বা আমার কোনও সরিক বা অংশীদার নাই। বিক্রীত সম্পত্তি আমার খাস দখলীয় সম্পত্তি হইতেছে এবং অবস্থায় তাহা আপনার খাস দখলে দিলাম। বিক্রীত সম্পত্তির স্বত্ব সংক্রান্ত কোন ও উক্তির কোন রূপ ব্যতিক্রম বা অসত্যতা বা বিপরীত কোন অবস্থা প্রকাশ পাইলে। বা আমার প্রকাশিত স্বত্বের হীনতা বা দুর্বলতা প্রযুক্ত কোনও ত্রুটীর দরুণ আপনার বা আপনার ওয়ারিশ বা স্থলবর্তীগণের স্বত্ব দখলের কোন রূপ হানি। বিঘ্ন বা ন্যূনতা ঘটিলে

Gopal Ch. Mukherjee

বা কোন প্রকার ক্ষতি হইলে মাফিক আইন আমলে আসিয়া আমি দলীল দাতা ওয়ারিশ ও স্থলবর্ত্তীগন ক্রমে আপনার বা আপনার ওয়ারিশ বা স্থলবর্ত্তীগনের যাবতীয় ক্ষতি পূরণ করিতে সতত বাধ্য রহিলাম। এই দলীলে কোন ভুল চুক থাকা প্রকাশ পাইলে তাহা সংশোধন করিয়া আপনার খরচায় বিনাপনে শুদ্ধিপত্র সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম। এবং এই কোবালা বলে আপনার খরিদা স্বত্ব বলবৎ ও অক্ষুন্ন রাখিবার জন্য কোনও পোষক দলীল করার আবশ্যক হইলে তাহা মহাশয়ার খরচায় বিনাপনে আপনাকে ওয়ারিশ ও স্থলবর্ত্তীগন ক্রমে করিয়া দিতে বাধ্য রহিলাম। বিক্রীত সম্পত্তির একটী নকসা প্রস্তুত হইয়া উক্ত নকসায় বিক্রীত সম্পত্তি লাল বর্ডার ও "A" মার্কা দ্বারা চিহ্নিত করা হইল। দলীলের সংলগ্ন উক্ত নকসা দলীলের একাংশ বলিয়া গন্য হইবে। বিক্রীত সম্পত্তি সংক্রান্ত আমার খরিদা স্বত্বের দলীল আপনাকে দলীলার্থে দিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরল চিত্তে নিজ ইচ্ছায় অন্যের বিনানুরোধে অত্র দলীল পড়িয়া ও শুনিয়া ইহার মর্ম্ম সম্যক রূপে অবগত হইয়া ও পণের সমুদয় টাকা নগদ বুঝিয়া পাইয়া ও প্রাপ্তি স্বীকারে এই বং: স্বত্ব সাফ বিক্রয় কোবালা দলীল সহি সম্পাদন করিলাম। ইতি ১৯৬৩ ইং সালের ২৩ শে আগষ্ট।

Gopal Ch. Mukherjee

তপশীল বিক্রীত সম্পত্তির বিবরণ ও চৌহদ্দি।

জেলা ২৪ পরগণার থানা টালীগঞ্জ সবরেজিষ্ট্রী আলিপুর পরগণা খাসপুর রেঃ সাঃ নং ২৪, জেঃ এল নং ৩২ মৌজা নাকতলা গ্রামে- জেলা কালেক্টরীর ৫৬ নং তৌজির সামিলাত অধীনে ডিষ্ট্রিক্ট সেটেলমেন্টের ৩০৬ নং খতিয়ান ভুক্ত ৪৫৪ নং চারিশত চুয়ান্ন দাগ মধ্যে চিহ্নিত কমবেশী /৪ চার কাঠা চিরস্থায়ী নিষ্কর ব্রহ্মোত্তর স্বত্বের জমি সমস্ত জমির আওলাতাদি ও সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র কোবালা হতে বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহার বর্ত্তমান চৌহদ্দি —

উত্তর— হরিচরণ ঘটকের জমি।

পূর্ব— জানকী নাথ ঘটকের জমি।

দক্ষিণ— উমারাণী ঘটকের জমি।

পশ্চিমে— ১২' প্রস্থের কমন প্যাসেজ বা রাস্তা।

ইসাদী—

Jogendra Chandra Majumdar
Pleader, Judge's Court, Alipore

Mritunjoy Chakraborty
390, Netaji Subhas Ch. Bose Rd.
Calcutta - 47.

Ashalata [illegible]
38/1 Russa Road
Calcutta - 26

লেখক—
শ্রী ফণীভূষণ চক্রবর্ত্তী
৩নং [illegible] রোড
কলিকাতা - ৪৭

Tax 112 (64-65)
29/1 Nakuleswar Road
13/5/64

29/1 Durga Prasanna Paramhansa Rd

8/11/76.

23-863

of Alipore,
Sub-Registrar of 24 PARGANAS
Dist. 24 PARGANAS


Sub-Registrar of Alipore,
Dist. 24 PARGANAS

26.8.

PORTION OF LAND MARKED "A" IN C.S. DAG No. 454 KHATIAN No. 306 IN MOUZA NAKTALA P.S. TOLLYGUNGE DIST. 24 PGS. (SCALE: 25 FT. = 1 IN.)

AREA OF LAND MARKED "A" (TINTED RED)


84'-4" x 34'-2" = 2881 SFT. = 4K-0CH-0 SFT.




AWN BY C.L. Ghosh.

PORTION OF LAND MARKED "A" IN C.S DAG
No. 454 KHATIAN No. 306 IN MOUZA NAKTALA
P.S. TOLLYGUNGE DIST. 24 PGS. (SCALE: 25 FT. = 1 IN.)

AREA OF LAND MARKED "A" (TINTED RED)
84'-4" x 34'-2" = 2881 SFT. = 4K-0CH-0SF




23.8.63
Sub-Registrar of Alipore,
Dist. 24 Parganas